দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা ক্যাডারে অনিয়মে অসন্তোষ

■ ইত্তেফাক রিপোর্ট

বিসিএস শিক্ষা ক্যাডারে পদোন্নতির ক্ষেত্রে জ্যেষ্ঠতার বিধিমালা লঙ্ঘন হচ্ছে। নিয়োগ বিধিমালা অনুযায়ী বিভাগীয় পরীক্ষা, চাকরি স্থায়ীকরণ পরীক্ষা ও সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করার কথা থাকলেও অনেক ক্ষেত্রেই তা মানা হয়নি। স্বজনপ্রীতি ও রাজনৈতিক প্রভাবে উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ হচ্ছে। পদোন্নতির ক্ষেত্রে অনিয়মসহ নানা সমস্যার সমাধান না হওয়ায় শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের (শিক্ষক) মধ্যে অসন্তোষ তৈরি হয়েছে।

বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা বলছেন, নিয়োগ, এমপিও জ্যেষ্ঠতা-পদোন্নতি, সিলেকশন গ্রেড, টাইম স্কেল, অ্যাডভান্সড ইনক্রিমেন্ট, কল্যাণ তহবিল, অবসর ভাতা, পিআরএল, পেনশনসহ সকল ক্ষেত্রেই চলছে নানা অনিয়ম।

কয়েকমাস পূর্বে সরকারি কলেজের পদোন্নতির জন্য ডিপিসি 'ডিপার্টমেন্ট অফ সিলেকশন প্রমোশন কমিটির' সভা অনুষ্ঠিত হয়। জানা যায়, প্রভাষক থেকে সহকারী অধ্যাপক, সহকারী অধ্যাপক থেকে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য এই সভা অনুষ্ঠিত হয়। কিন্তু জ্যেষ্ঠতা বিষয়ে হাইকোর্টের নিষেধাজ্ঞা থাকায় সহযোগী অধ্যাপক থেকে অধ্যাপক পদে পদোন্নতির বিষয়ে ডিপিসি সভা করার সুযোগ হয়নি।

পদায়নের ক্ষেত্রে হচ্ছে নানা অনিয়ম। দীর্ঘদিন ধরে ঢাকায় থাকছে হাতেগোনা শতাধিক কর্মকর্তা। ঢাকা শিক্ষাবোর্ড থেকে বদলি হয়ে শিক্ষা অধিদপ্তর। আবার শিক্ষা অধিদপ্তর থেকে বদলি হয়ে ঢাকা শিক্ষা বোর্ড। ইডেন বা ঢাকা কলেজ থেকে বদলি হয়ে ঢাকা শিক্ষাবোর্ড। আবার সরকারি বাঙলা কলেজ থেকে বদলি হয়ে সরকারি বিজ্ঞান কলেজে। এভাবে ঢাকার এক কলেজ থেকে বদলি হয়ে অন্য কলেজে আনা হচ্ছে। নিজ পছন্দের লোকদের এভাবে যুগের বেশি সময় ধরে ঢাকায় রাখা হচ্ছে। আবার দীর্ঘদিন ঢাকা আসার চেষ্টা করেও কোন লাভ হয় না। গ্রামের কলেজগুলোতেই শিক্ষকতা করে পুরোটা বয়সই পার করতে হচ্ছে। এভাবে নানা অনিয়ম চলছে শিক্ষা ক্যাডারে।